BGMEA

বিজিএ/কাস/২০২৪/ ৬২

তারিখঃ ১৩/০৩/২০২৪

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ Customs Bond Management System (CBMS) এর মাধ্যমে সফটওয়্যারের ০৬টি মডিউলে বিদ্যমান সকল বন্ডেড প্রতিষ্ঠানসমূহের তথ্য অন্তর্ভুক্তিকরণ প্রসঙ্গে।**

**সূত্রঃ** (ক) কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) এর নথি নং ৫(১৩)০১/কাস-বন্ড/অটোমেশন/বিবিধ/২০২০/ ২০৬০(২), তারিখ: ০৫/০৩/২০২৪।

**(খ) জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং ০৮.০১.০০০০.৫৬.১৫.০০২.২০১৯/১১১, তারিখ: ২৭/০২/২০২৪।**

আপনারা সকলে অবগত আছেন, কাস্টমস বন্ড কমিশনারেটের সকল সেবা অনলাইনের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে "Customs Bond Management System" সফটওয়্যার বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। তারই ধারাবাহিকতায় বর্তমানে উক্ত সফটওয়্যারের নিম্নোক্ত ৬টি মডিউল ব্যবহারের উপযোগী অবস্থায় রয়েছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড নির্দেশনা জারী করেছে (সূত্র 'খ')।

(ক) e-bond Register Management
(খ) Lien Bank Change Management
(গ) Bonder Inventory Monitoring Management
(ঘ) Co-efficient Management
(ঙ) General Bond Management
(চ) HS Code Management

উপর্যুক্ত ৬টি মডিউলের মাধ্যমে সেবা প্রাপ্তির নিমিত্তে সকল বন্ডেড প্রতিষ্ঠানসমূহকে আগামী ১৫/০৩/২০২৪ইং তারিখের মধ্যে "Customs Bond Management System" সফটওয়্যারে আবশ্যিকভাবে On Board হতে হবে এবং সংশ্লিষ্ট সকল সেবা অনলাইনের মাধ্যমে গ্রহনের জন্য কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) হতে নির্দেশনা প্রদান করা হয়েছে (সূত্র 'ক')।

নিরবিচ্ছিন্নভাবে বন্ড সুবিধার আওতায় আমদানি-রপ্তানি কার্যক্রম সম্পাদনের নিমিত্তে উল্লেখিত সময়ের মধ্যে "Customs Bond Management System" সফটওয়্যারে প্রতিষ্ঠানের তথ্য অন্তর্ভুক্তির মাধ্যমে On Board হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ড ও কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) এর সূত্রোক্ত নথিসমূহ এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

১৩/৩/২০২৪

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
- বাংলাদেশে তৈরি -

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড,
রাজস্ব ভবন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট (দক্ষিণ) ঢাকা।
04 MAR 2024
প্রাপ্ত পত্র নং 2979

নথি নং ০৮.০১.০০০০.৫৬.১৫.০০২.২০১৯/ ১১১

তারিখ: ২৭/০২/২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: Customs Bond Management System (CBMS) এর মাধ্যমে সফটওয়্যার এর ০৮ টি মডিউলে বিদ্যমান সকল বন্ডেড প্রতিষ্ঠানসমূহের তথ্য অন্তর্ভূক্তিকরণ।

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প এর পত্র নং-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০৬.২০/১৮, তারিখ: ১৫/০১/২০২৪ খ্রি:।

সূত্রোক্ত পত্রের তথ্যমতে, বর্তমানে Customs Bond Management System (CBMS) সফটওয়্যার এর নিম্নোক্ত ৬টি মডিউল ব্যবহার উপযোগী অবস্থায় আছে। যথাঃ

ক। e-bond Register Management
খ। Lien Bank Change Management
গ। Bonder Inventory Monitoring Management
ঘ। Co-efficient Management
ঙ। General Bond Management
চ। HS Code Management.

০২। বর্ণিতাবস্থায়, উপর্যুক্ত ৬ টি মডিউল ব্যবহার করার জন্য বিদ্যমান সকল বন্ডেড প্রতিষ্ঠান সমূহকে Customs Bond Management System (CBMS) সফটওয়্যার এ On Board করা আবশ্যক। বিদ্যমান বন্ডেড প্রতিষ্ঠানসমূহকে আগামী ১৫/০৩/২০২৪ খ্রি: তারিখের মধ্যে বন্ড লাইসেন্স ও বন্ড রেজিস্টারে তথ্য এন্ট্রি করে সিস্টেমে On Board করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

27 FEB 24
এইচ এম আহসানুল কবীর
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com

প্রাপক,
কমিশনার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর)/চট্টগ্রাম।

নথি নং ০৮.০১.০০০০.৫৬.১৫.০০২.২০১৯/

তারিখ: ২৭/০২/২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতির জন্য:

১। প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। পি এ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩-৪। অফিস কপি/গার্ড কপি।

এইচ এম আহসানুল কবীর
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnbr@gmail.com

G:\Head-15\Letter\15.002.19.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)
৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা-১০০০।
www.cbc.gov.bd

নথি নং- ৫(১৩)০১/কাস-বন্ড/অটোমেশন/বিবিধ/২০২০/ তারিখ ঃ /০৩/২০২৪ খ্রিঃ

বিষয় : Customs Bond Management Sysetm (CBMS) এর মাধ্যমে সফটওয়্যার এর ০৮ টি মডিউলে বিদ্যমান সকল বন্ডেড প্রতিষ্ঠনসমূহের তথ্য অন্তর্ভূক্তিকরণ।

সুত্র: জাতীয় রাজস্ব বোর্ডের নথি নং-০৮.০১.০০০০.৫৬.১৫.০০২.২০১৯/১১১, তারিখ: ২৭/০২/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

05/03/24

[ এস এম শামসুজ্জামান ]
যুগ্ম-কমিশনার

১. **সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল)**, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা [পত্রের নির্দেশনার আলোকে আগামী ১৫/০৩/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে আপনার আওতাধীন বিদ্যমান বন্ডেড প্রতিষ্ঠানসমূহের বন্ড লাইসেন্স ও বন্ড রেজিস্টারে তথ্য এন্ট্রি নিশ্চিত করে Customs Bond Management Sysetm (CBMS) সফটওয়্যার-এ আবশ্যিকভাবে On Board করার নির্দেশনা দেয়া হলো। একই সাথে On Board পরবর্তী CBMS সফটওয়্যার-এর ব্যবহার উপযোগী বর্ণিত ৬টি মডিউল এর মাধ্যমে বন্ড সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করার জন্য বলা হলো]।

২. **চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক/পরিচালক (বিদ্যমান বন্ডেড প্রতিষ্ঠানসমূহ)**, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা [জাতীয় রাজস্ব বোর্ডের সূত্রীয় পত্রের নির্দেশনা মোতাবেক Customs Bond Management Sysetm (CBMS) সফটওয়্যার-এ আপনার প্রতিষ্ঠানকে আগামী ১৫/০৩/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে On Board করতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান এবং CBMS সফটওয়্যার এর ব্যবহার উপযোগী বর্ণিত ৬টি মডিউলের মাধ্যমে উল্লিখিত তারিখ হতে বন্ড সংক্রান্ত কার্যক্রমের সেবা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো]।

নথি নং-৫ (১৩)৪৪/কাস-বন্ড/লাইঃ/বিবিধ/২০২০/ 2040 (02) তারিখঃ০৫/০৩/২০২৪ খ্রিঃ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত/যুগ্ম কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
২. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, হাউস- ৭/৭ এ, সেক্টর -১৭, ব্লক এইচ-১, উত্তরা, ঢাকা।
৩. সভাপতি, বিকেএমইএ, বিকেএমইএ ভবন, ৫৩-৫৪ নবাব সলিমউল্লা রোড, চাষাড়া, নারায়নগঞ্জ-১৪৫২।
৪. সিস্টেম এনালিস্ট, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) (তাঁকে উল্লিখিত তথ্যাদি বন্ড কমিশনারেটের ওয়েবসাইটে Updated করার জন্য অনুরোধ করা হলো)।
৫. দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৬. উপ/সহকারী কমিশনার (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (আপনাকে CBMS সফটওয়্যার এর ৬টি মডিউলের মাধ্যমে বন্ড সংক্রান্ত কার্যক্রম সম্পাদন হচ্ছে কিনা তা তদারকি করার জন্য বলা হলো)।
৭. রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (আপনার আওতাধীন বন্ডেড প্রতিষ্ঠান সমূহের কার্যক্রম CBMS সফটওয়্যার এর উল্লিখিত ৬টি মডিউল এর মাধ্যমে সম্পাদনের জন্য বলা হলো)।
৮. পিএ টু কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. শাখা সহকারী (সকল), কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা (আপনাকে CBMS সফটওয়্যার এর মাধ্যমে ৬টি মডিউল সংক্রান্ত কার্যক্রম সম্পাদনের জন্য বলা হলো)।
১০. অফিস কপি।

05/06/24

[ এস এম শামসুজ্জামান ]
যুগ্ম-কমিশনার